ধোঁকাবাজির কোনো সুযোগ নেই,ইভিএমের মাধ্যমেই জাতীয় নির্বাচন: আহসান হাবিব

চেম্বার ডেস্ক::নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আহসান হাবিব খান বলেছেন, সকল দলের অংগ্রহণের মাধ্যমে স্বচ্ছ ও নিরপেক্ষ নির্বাচন উপহার দিতে চাই। ইভিএমের মাধ্যমেই জাতীয় নির্বাচন করা হবে। কারণ ইভিএমে ধোঁকাবাজির কোনো সুযোগ নেই। শনিবার (২৭ আগস্ট) দুপুরে সিলেটের ওসমানীনগরের উমপুর ইউনিয়নে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি পরিদর্শনকালে এসব কথা বলেন তিনি।

তিনি আরো বলেন, আমরা চার শতাধিক নির্বাচন ইভিএমের মাধ্যমে করেছি। কোথাও কোনো অভিযোগ ছিল না। আঙ্গুলের ছাপে কিছুটা সমস্যা হয়েছে; যা সমাধান করার জন্য কাজ করা হচ্ছে। চারটার মধ্যে ভোটগ্রহণ সম্পন্ন করার জন্য প্রতিটি বুথে ভোটার সংখ্যা কমিয়ে দিয়ে বুথের সংখ্যা বাড়িয়ে দেয়া হবে বলে জানান তিনি।

এসময় উপস্থিত ছিলেন, ওসমানীনগর উপজেলা নির্বাহী অফিসার নীলিমা রায়হানা, সিলেট জেলা আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ফয়সল কাদের, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আফজালুর রহমান চৌধুরী, উমরপুর ইউনিয়নের চেয়ারম্যান গোলাম কিবরিয়া, ওসমানীনগর থানার ওসি এসএম মাইন উদ্দিন, সিলেট জেলা নির্বাচন কর্মকর্তা মোহাম্মদ শুকুর মাহমুদ মিয়া, সিলেট সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা এমদাদুল হক, বিয়ানী বাজার উপজেলা নির্বাচন কর্মকর্তা সৈয়দ কামাল হোসেন, ওসমানীনগর উপজেলা নির্বাচন কর্মকর্তা আবু লায়েস দুলালসহ প্রমুখ।